

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
মনোহরগঞ্জ, কুমিল্লা


স্মারক নং: ৩৩.০১.১৯৭৪.০০০.০০.০০১.২২. ১৮৮

তারিখ: ২৭/০৮/২২

অফিস আদেশ

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করণের লক্ষ্যে নিম্নে প্রদত্ত নির্দেশনা যথাসময়ে প্রতিপালন করার জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তরও ভেটেরিনারি হাসপাতাল, মনোহরগঞ্জ, কুমিল্লা এর সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্দেশ প্রদান করা যাচ্ছে-

- ১) সকল কর্মকর্তা/কর্মচারীকে কার্যদিবসে দৈনিক ৯ ঘটিকার মধ্যে অফিসে আগমন এবং ৯.১৫ এর মধ্যে হাজিরা খাতায় স্বাক্ষর প্রদান করার জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।
- ২) সকাল ৯.০০ হতে ৯.৪৫ পর্যন্ত আবশ্যিকভাবে দপ্তরে অবস্থান নিশ্চিত করতে বলা হচ্ছে।
- ৩) অফিস সময়ে অগ্রিম ভ্রমণসূচী অনুসারে দাপ্তরিক কাজে অফিসের বাহিরে গমন করলে মুভমেন্ট রেজিস্টারে যথাযথকারণ লিপিবদ্ধ করত প্রস্থান করার জন্য বলা হচ্ছে। অগ্রিম ভ্রমণসূচী ডাকফাইলে সংরক্ষণ করতে হবে।
- ৪) অনুমোদিত ছুটি ব্যাতিত কর্মস্থল ত্যাগ করা যাইবে না।
- ৫) দাপ্তরিক উপস্থিতি নিশ্চিত হওয়ার জন্যে জেলা কর্মকর্তা হাজিরা খাতার প্রতিচ্ছবি হোয়াটস এপ/মেইলে তাৎক্ষণিকভাবে তলব করতে পারেন। সেক্ষেত্রে চাহিত তথ্যাদি অনতিবিলম্বে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৬) অননুমোদিত অনুপস্থিতি, বিলম্বে উপস্থিতি, নির্দেশনা পালনে ব্যর্থতা ইত্যাদি কর্মকাণ্ডের জন্য চাকুরি বিধিমালা অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হইবে।



২৭/০৮/২২

ডা: মো: মমিনুর রহমান
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
মনোহরগঞ্জ, কুমিল্লা।